

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১০১.২৪.২৮৬

বিষয়: মানারাত নীটওয়্যার নামক কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন প্রত্র নং-৫৪৬, তারিখঃ ১১/০৬/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানারাত নীটওয়্যার, অফিস ও কারখানাঃ বাড়ইপাড়া, বাড়ইপাড়া (১৩৪৯), আশুলিয়া, সাভার, ঢাকা নামক শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তরে নিবন্ধন সংখ্যা-পরিঃ/নিটিং-০০০০০১৮১-১৬, তারিখ-১৮/০৪/২০১৬ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ “টেক্সটাইল নিটিং”। প্রতিষ্ঠানটির অনুকূলে জারীকৃত শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৬৩৮৮২১, তারিখঃ ১২/১০/২০২১ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার আলোকে কারখানাটির অনুকূলে যাম্মাসিক আমদানি স্বত্ব ২,৪৮,৬২,৫০০/- (দুই কোটি আটচল্লিশ লক্ষ বাষটি হাজার পাঁচশত) টাকা পূর্ণঃ নির্ধারণ করে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মানারাত নীটওয়্যার এর অনুকূলে কাঁচামাল আমদানির জন্য কারখানাটির অনুকূলে যাম্মাসিক আমদানি স্বত্ব ২,৪৮,৬২,৫০০/- (দুই কোটি আটচল্লিশ লক্ষ বাষটি হাজার পাঁচশত) টাকা পূর্ণঃ নির্ধারণ করে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



১২-০৬-২০২৪

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১০১.২৪.২৮৬/১  
(৫)

২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।;

২। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।;

- ৩। ব্যবস্থাপনা অংশীদার, মানারাত নীটওয়ার, অফিস ও কারখানাঃ বাড়ইপাড়া, বাড়ইপাড়া (১৩৪৯), আশুলিয়া, সাভার, ঢাকা।;
- ৪। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। এবং
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



A handwritten signature in black ink, located on the right side of the page.

১২-০৬-২০২৪  
কামরুল আলম  
সহকারী পরিচালক